# প্রেস রিলিজ

## জাতীয় শিশুকল্যান বোর্ড এর সভা অনুষ্ঠিত

শিশু আইন ২০১৩ এর ৭ ধারা অনুযায়ী ''জাতীয় শিশুকল্যাণ বোর্ড'' এর প্রথম সভা ৩১ মে ২০২৩ তারিখে হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকায় অনুষ্ঠিত হয়। বোর্ড সভায় সভাপতিত্ব করেন জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়। জনাব রওশন আরা মান্নান এমপি, মাননীয় সংসদ সদস্য ও সভাপতি, সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, জনাব মো: জাহাঙ্গীর আলম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বোর্ডের সভাপতি ও মাননীয় মন্ত্রী উপস্থিত বোর্ডের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য ড.আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর ও বোর্ডের সদস্য সচিবকে অনুরোধ জানান। সদস্য সচিব শিশু আইন ২০১৩ অনুযায়ী গঠিত ''জাতীয় শিশুকল্যাণ বোর্ড'' এর রূপরেখা/কাঠামো এবং উহার দায়িত্ব ও কার্যাবলি সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন। জনাব মো: জাহাঙ্গীর আলম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সভাটি সঞ্চালনা করেন। সভায় বিস্তারিত আলোচ্যসূচী, জেলা ও উপজেলা শিশু কল্যাণ বোর্ড এর গঠন, উহার সভা অনুষ্ঠান, সভায় গৃহীত বিভিন্ন সুপারিশ, সমাজসেবা অধিদপ্তরের আওতায় শিশু সুরক্ষায় পরিচালিত বিভিন্ন প্রাতিষ্ঠানিক কার্যক্রমসহ এতিম, পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের সুরক্ষায় পরিচালিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধমে উপস্থাপন করেন জনাব মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী, পরিচালক (প্রতিষ্ঠান),সমাজসেবা অধিদপ্তর।

বোর্ড সভায় উপস্থিত সদস্যদের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ, প্রধানমন্ত্রী কার্যালয়ের মহাপরিচালক, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম সচিবগণ, কারা মহাপরিদর্শক এবং মহাপরিচালক বাংলাদেশ শিশু একাডেমিসহ অন্যান্য সদস্যগণ শিশু সুরক্ষায় জেলা ও উপজেলা শিশুকল্যাণ বোর্ড এর গৃহীত বিভিন্ন কার্যক্রম ও সুপারিশের উপর আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত প্রদান করেন।

সভা সূত্রে জানা যায়, সারদেশে বিগত ০১ (এক) বছরে ১৭৩ টি জেলা শিশু কল্যাণ বোর্ড এর সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভাসমূহে শিশু সুরক্ষায় বিভিন্ন সুপারিশ করা হয়। জেলা হতে প্রাপ্ত শিশুকল্যাণ বোর্ড এর সুপারিশের মধ্য থেকে গুরুত্বপূর্ণ ৮টি সুপারিশের উপর আলোচনা ও পর্যালোচনা শেষে পথশিশু ও সুবিধাবঞ্চিত শিশুদের ডাটাবেজ তৈরি, রংপুর ও ময়মনসিংহ বিভাগে সেফহোম স্থাপন, জয়পুরহাটও বাজিতপুরে কিশোর উন্নয়ন কেন্দ্র প্রকল্পের দ্রুত অনুমোদন ও বাস্তবায়ন, ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত এতিমখানায় সাধারণ শিক্ষা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ, প্রবেশন কার্যালয়ে সমাজকর্মী নিয়োগ, প্রতিটি জেলা হতে প্রত্যায়িত প্রতিষ্ঠানের তালিকা সংগ্রহ, ঝুঁকিপূর্ণ শিশুদের আর্থিক অনুদান প্রদানের আওতা সম্প্রসারণ এবং জাতীয় শিশুকল্যাণ বোর্ড এর তহবিল গঠনের জন্য কোড সৃজনসহ যুগোপযোগী সিদ্ধান্ত গৃহীত হয়

সভায় মাননীয় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী শিশু সুরক্ষায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে সকল কর্মকর্তাদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান।

৩১/০৫/২০২৩

মো: শহীদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান)
সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।